# আল-আ'লা | Al-A'la | ٱلْأَعْلَىٰ

আয়াতঃ ৮৭ : ২

## আরবি মূল আয়াত:

ٱلَّذِى خَلَقَ فَسَوَّىٰ ﴿٢﴾

## অনুবাদসমূহ:

যিনি সৃষ্টি করেন। অতঃপর সুসম করেন। — আল-বায়ান

যিনি সৃষ্টি করেছেন অতঃপর করেছেন (দেহের প্রতিটি অঙ্গকে) সামঞ্জস্যপূর্ণ। — তাইসিরুল

যিনি সৃষ্টি করেছেন, অতঃপর যথাযথভাবে সমন্বিত করেছেন, — মুজিবুর রহমান

Who created and proportioned — Sahih International

## ২. যিনি(১) সৃষ্টি করেন(২) অতঃপর সুঠাম করেন।(৩)

(১) এখানে মূলত: আল্লাহ্ তা'আলার পবিত্রতা ও মহিমা ঘোষণার কারণ ও হেতুসমূহ বর্ণনা করা হচ্ছে। এ আয়াত এবং এর পরবর্তী কয়েকটি আয়াতে জগৎ সৃষ্টিতে আল্লাহর অপার রহস্য ও শক্তি সম্পর্কিত কতিপয় কর্মগত গুণাবলী বর্ণিত হয়েছে।

(২) অর্থাৎ সৃষ্টি করেছেন। কোন কিছুকে নাস্তি থেকে আস্তিতে আনয়ন করেছেন। কোন সৃষ্টির এ কাজ করার সাধ্য নেই; একমাত্র আল্লাহ্ তা'আলার অপার কুদরতই কোন পূর্ব-নমুনা ব্যতিরেকে যখন ইচ্ছা, যাকে ইচ্ছা নাস্তি থেকে আস্তিতে আনয়ন করে।

(৩) অর্থ সামঞ্জস্যপূর্ণ, মজবুত ও সুন্দর করেছেন। [সা’দী] অর্থাৎ তিনি সবকিছু সৃষ্টি করেছেন। আর যে জিনিসটিই সৃষ্টি করেছেন তাকে সঠিক ও সুঠাম দেহসৌষ্ঠব দান করেছেন। তার মধ্যে ভারসাম্য ও শক্তির অনুপাত সঠিকভাবে প্রতিষ্ঠিত করেছেন। তাকে এমন আকৃতি দান করেছেন যে, তার জন্য এর চেয়ে ভালো আকৃতির কল্পনাই করা যেতে পারে না। একথাটিকে অন্যত্র বলা হয়েছে, “তিনি প্রত্যেকটি জিনিসকে চমৎকার তৈরি করেছেন।” [সুরা আস-সাজদাহ: ৭]

তাফসীরে জাকারিয়া

## ২। যিনি সৃষ্টি করেছেন, অতঃপর সুসমঞ্জস করেছেন। [1]

[1] এ ব্যাপারে দেখুন সূরা ইনফিত্বার ৭নং আয়াতের টীকা।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5950

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন